West Bengal Form No. 27

4507

# FIRST INFORMATION REPORT
(Under Section 154 Cr. P.C.)

1. Dist. Darjeeling P.S. Siliguri Year 2024 FIR No. 806/24 Date 03/9/2024

2. i) Act IPC Sections 384/506 IPC ii) Act ........ Sections ........
(iii) Act ........ Sections ........ (iv) Others Acts & Sections ........

3. (a) Occurrence of Offence : Day ........ Date From In the year of 2020 Date To ........
Time Period ........ Time From ........ Time To ........
(b) Information received at P.S. Date 03/9/2024 Time 14.35 hrs
(c) General Diary Reference : Entry No(s) 126 Time 14.35 hrs.

4. Type of Information ........ Written / Oral

5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
(b) Address Mahananda Para Subhashini Bhawan M.N. Sarkar Road P.S. Siliguri / Djg.
(c) In case outside limit of this Police Station, then the
Name of the P.S. X District X

6. Complainant / Informant :
(a) Name Rajeeb Dutta.
(b) Father's / Husband's Name Chandan Dutta
(c) Date / Year of Birth ........ (d) Nationality Indian
(e) Passport No. X Date of Issue : X Place of Issue X
(f) Occupation ........
(g) Address Mahanandapara Subhashini Bhawan M.N. Sarkar Road PS Sili.

7. Details of known / suspected / unknown accused with full particulars
(Attach separate sheet, if necessary) :
VS.
Sanghamitra @ Rumi Sen D/O Lt Subhash Sen of Alo Chowdhury More Babupara Ward No. 27 PS. Siliguri / Djg.

8. Reasons for delay in reporting by the Complainant / Information

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

10. Total value of properties stolen / involved ........

11. Inquest Report / U.D. Case No., if any ........

12. FIR Contents (Attach separate sheets, if required) :
The original written complaint which is treated as FIR is enclosed here with

13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed ASI Inzamamul Hoque of to take up investigation / refused investigation / transferred to P.S. Khalpara TOP, P.S. Siliguri / Djg. on point of jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

Noted in original complain

14. Signature / Thumb impression of the Complainant / Informant

03/9/2024
Signature of the Officer-in-Charge, Police Station
Name : Binod Singh Rawat
Inspector Incharge
Rank : No. Siliguri Police Station
Siliguri Police Commissionerate

15. Date & Time of despatch to the court :

Siliguri Police Station, Siliguri Police Commissionerate

Date................

To
The Inspector in-Charge
Siliguri Police Station,
District Darjeeling

বিষয় - এজাহার

মহাশয়,

আমি শ্রী রাজীব দত্ত, পিতা শ্রী চন্দন দত্ত, সাকিন মহানন্দাপাড়া, সুভাষিনী ভবন, এম. এন. সরকার রোড, থানা শিলিগুড়ি, জেলা দার্জিলিং এই মর্মে অভিযোগ জানাইতেছি যে বিগত ২০২০ সালের মাঝামাঝি আমার সাথে সংঘমিত্রা সেন ওরফে রুমি সেন, পিতা স্বর্গীয় সুভাষ সেন, নিবাস আলো চৌধুরী মোড়, বাবুপাড়া, ওয়ার্ড নং ২৭, শৈল এ্যাপার্টমেন্ট, পোষ্ট + থানা শিলিগুড়ি, জেলা দার্জিলিং এর পরিচয় হয় এবং ধীরে ধীরে বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে, যদিও বয়সে রুমি সেন আমার থেকে অনেকটা বড়। রুমি সেন পেশায় একজন শিক্ষিকা। উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরে **"The Scholar"** নামক একটি বেসরকারী স্কুলে শিক্ষকতা করেন এবং তার মেয়ে সুদেষ্ণা ঘোষ (সরকার) একই স্কুলে শিক্ষকতা করেন। কিছুদিন অতিবাহিত হওয়ার পর রুমি সেন মাঝে মাঝে আমাকে তার ফ্ল্যাটে আসতে বলেন এবং তার অনুরোধে ফ্ল্যাটে গিয়ে রুমি সেন এবং তার বাবার সঙ্গে অনেক কথাবার্তা বলেছি। হঠাৎ একদিন রুমি সেন আমাকে ভালোবাসার প্রস্তাব দেন। তার মেয়ের বিয়ে হয়েছে, জামাই আছে এবং এই বয়সে তার এসব করা অনুচিত বলে আমি তাকে বোঝানোর চেষ্টা করি। কিন্তু সে আমার কথায় কর্ণপাত না করে আমাকে ধমকী দেয় যদি আমি তার প্রস্তাবে রাজী না হই তাহলে সে তার জীবন শেষ করে দেবে। অবশেষে আমি তার প্রস্তাব মেনে নেই। ২০২১ সালে জুন মাসে রুমি সেন এবং তার বাবা কোভিড আক্রান্ত হয়। বাবাকে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ এবং রুমি সেনকে মাটিগাড়া খাপরাইল মোড়ে একটি বেসরকারী হাসপাতালে ভর্তি করা হয়। বাবা মারা গেলেও রুমি সেন সুস্থ হয়ে বাড়ি ফেরে। নিঃসঙ্গ জীবন তার কাছে দুর্বীসহ হয়ে পড়েছে বলে রুমি সেন আমাকে বিয়ে করতে চায়। এরপর থেকে সে আমাকে বিভিন্ন জায়গায় ঘুরতে নিয়ে যায়, যদিও খরচ

Received on 3/9/2024 at 14:50 hrs vide GDE no 126 Dt 3/9/2024 case started Siliguri P.S. Case No. 806/24 Dt 03/9/2024 u/s 384/806 IPC and endorsed to ASI Intazmul Hoque

3/9/2024

Inspector Incharge
Siliguri Police Station
Siliguri Police Commissionerate

আমাকেই বহন করতে হতো। ধীরে ধীরে সে আমার কাছ থেকে দামী সোনার অলঙ্কার, মূল্যবান শাড়ী, জুতো, কোট, কসমেটিক্স, প্যান্ট, আধুনিক সাংসারিক জিনিসপত্র যেমন মাইক্রো ওভেন, রাইস কুকার, ডিনার সেট ইত্যাদি বহু জিনিস হাতিয়ে নেয়, এছাড়া শেয়ার বাজারে লগ্নি করার নাম করে কয়েক দফায় সর্বমোট ৭,৪০,০০০/- (সাত লক্ষ চল্লিশ হাজার) টাকা ধার হিসাবে নেয়, ওর বাড়ির প্রতিদিনের সংসায় খরচও আমাকেই চালাতে হতো। এবারে আমি বিয়ের কথা বললে - রুমি নানা কৌশলে প্রস্তাব এড়িয়ে চলে এবং মাঝে মাঝে কিছু না জানিয়ে সে কোথায় উধাও হয়ে যায়।

একদিন আমি রুমি-র বাড়ি থাকাকালীন সে বিছানায় মোবাইল রেখে স্নান করতে ঢুকলে হঠাৎ তার মোবাইল বেজে ওঠে এবং আমি কলটি রিসিভ করে রুমির খবর জানাতে গেলে উল্টোদিকের পুরুষ কণ্ঠের ভদ্রলোক বিরক্তের সুরে আমার পরিচয় জানতে চায়। তার প্রশ্নবানে আমার মনে সন্দেহ জাগে। এরপর কৌতুহল বশতঃ মোবাইলটি দেখতে গিয়ে একজন পুরুষের সঙ্গে রুমির বিভিন্ন ছবি এমনকি শারীরিক সম্পর্কের ছবিও দেখতে পাই। চাপে পড়ে রুমি স্বীকার করে ঐ ভদ্রলোকের নাম সার্থিক দাস, সাকিন শিবডাঙ্গী, ইসলামপুর এবং **"The Scholar"** স্কুলের একজন ডাইরেক্টর এবং ২০১৭ সাল থেকে তার সঙ্গে সম্পর্ক। রুমি এবং সার্থিক দাস একত্রে পুরুলিয়া, কোলকাতা, দীঘা সহ বহু জায়গায় ঘুরেছে এবং হোটেলে একত্রে রাত্রি যাপন করেছে। আমার সাথে কেন এরূপ অভিনয় করছে জানতে চাইলে রুমি বলে সে প্রকৃতই আমাকে ভালোবাসে। সার্থিক দাসের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার কথা বললে সে জানায় তার মেয়ে সার্থিক দাসের বাড়িতেই থাকে; সুতরাং সম্পর্ক তাকে রাখতেই হবে।

অনুসন্ধান করে জানতে পারি রুমি প্রথম শিলিগুড়ি আলো চৌধুরী মোড় নিবাসী বিশ্বজীৎ ঘোষ-কে বিয়ে করে। তার সাথে বিবাহ বিচ্ছেদ করে ডাবগ্রাম নিবাসি সুবীর দত্তকে বিয়ে করে। কয়েক বছর পর তাকে ছেড়ে চলে আসে। তারপর সার্থিক দাসের সঙ্গে সম্পর্ক তৈরী করে। আমি তাকে চাকরী এবং সার্থিক দাসের সঙ্গে সম্পর্ক দুটোই ছাড়ার কথা বললে রুমি আমাকে তার পরিকল্পনা জানায় যে, সে সার্থিক দাসকে বিয়ে করে তাকে পৃথিবী থেকে সরিয়ে দিয়ে তার বিশাল সম্পত্তির মালিক হওয়ার পর

আমাকে বিয়ে করবে এবং তার এই কাজে আমার সহায়তা চায়। এই কথা শুনে আমি অত্যন্ত ভীত এবং আতঙ্কিত হয়ে পড়ি এবং নিজেকে এই ভয়ংকর মহিলার কবল থেকে মুক্ত করার চেষ্টা করি, তৎসহ আমার ধার দেওয়া টাকা ফেরৎ চাই। ইহাতে রুমি এবং তার মেয়ে সুদেষ্ণা ঘোষ আমাকে সরাসরি ভয় দেখায় তাদের কথার অবাধ্য হলে তারা আমাকে ক্রিমিনাল কেসে ফাঁসাবে এবং জেল খাটাবে। সবকিছু জেনে রুমির জামাই নোংরামো বন্ধ করার কথা বললে রুমি মেয়েকে বলে 'বর-কে দুনিয়া থেকে সরিয়ে দে' তাতে চাকরী এবং নতুন বর দুটোই পাবি। টাকা এবং আমার দেওয়া জিনিস পত্রাদি ফেরৎ চাইলে রুমি আমাকে ক্রিমিনাল কেসে ফাঁসানোর ভর দেখায় এমনকি তার পরিকল্পনামাফিক কাজ না হলে সে আমার বিরুদ্ধে যে কোন কঠিন সিদ্ধান্ত নিতে পারে বলে হুমকী দিচ্ছে।

সংঘমিত্রা সেন ওরফে রুমি সেনের প্রেমের অভিনয় করে এই প্রতারণা, কৌশলে টাকা এবং দামি জিনিসপত্রাদি আদায় করে আত্মসাৎ করা, কাউকে হত্যার পরিকল্পনা এবং প্রাণনাশের হুমকী প্রদর্শন করে কৃত অপরাধের কঠোর সাজা হওয়া একান্ত আবশ্যক। উল্লেখ করা হল গত ইংরাজি ২৩/০৩/২০২৪ তারিখে শিলিগুড়ি কমিশনারেটে উক্ত ঘটনাটি জানানো হয়েছে।

অতএব মহাশয়ের নিকট বিনীত প্রার্থনা উল্লেখিত অপরাধীকে গ্রেপ্তার করতঃ কঠোর সাজা প্রদানের সু-ব্যবস্থা করিয়া বাধিত করিবেন।

নিবেদন ইতি -

Rajib Dutta

(রাজীব দত্ত)

মোবাইল - ৭০০১৭৮২৭৩৩